

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৭৯

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ ক্ষমাপ্রার্থনামূলক নির্দেশাবলী ক্ষমা প্রার্থনা করার আদেশ ও তার মাহাত্ম্য

## আরবী

وَعَنْ عَاصِمٍ الأَحْوَلِ عَنْ عَبدِ اللهِ بنِ سَرْجِسَ قَالَ : قُلْتُ لِرَسُولِ اللهِ عَلَيْ يَا رَسُوْلَ اللهِ غَفَرَ اللهُ لَكَ قَالَ وَلَكَ قَالَ عَاصِمٌ : فَقُلْتُ لَهُ : أَسْتَغْفَرَ لَكَ رَسُوْلُ اللهِ عَلَيْ ؟ قَالَ : نَعَمْ وَلَكَ ثُمَّ تَلاَ هَذِهِ الآيَةَ: وَاسْتَغْفِرْ لِذَنْبِكَ وَلِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ رواه مسلم

## বাংলা

(৩৬৭৯) আস্মে আহওয়াল (রহঃ) হতে বর্ণিত, আব্দুল্লাহ ইবনে সার্জিস (রাঃ) হতে বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর জন্য দু'আ ক'রে বললাম, 'হে আল্লাহর রসূল! আল্লাহ আপনাকে ক্ষমা করুন।' তিনি বললেন, আর তোমাকেও (আল্লাহ ক্ষমা করুন)। আস্মেম বলেন, আমি আব্দুল্লাহকে প্রশ্ন করলাম, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আপনার জন্য ক্ষমা প্রার্থনা করেছেন?' তিনি উত্তর দিলেন, 'হ্যাঁ, আর তোমার জন্যও তো।' অতঃপর তিনি এই আয়াত পাঠ করলেন, যার অর্থঃ (হে নবী!) তুমি নিজের জন্য ও মু'মিন নর-নারীর জন্য ক্ষমা প্রার্থনা কর।

## ফুটনোট

(সূরা মুহাম্মাদ ১৯, মুসলিম ৬২৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আসিম আল আহওয়াল (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন